

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। ৭ জুন, ২০২০ খৃস্টাব্দ।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সংশ্লিষ্ট কর্মীবৃন্দ

হতে : উপ-নির্বাহী পরিচালক

বিষয়: : সদস্যদের সাথে যোগাযোগ বৃদ্ধির জন্য ঋণ ও উন্নয়ন কর্মকর্তার মাসিক মোবাইল বিল ১০০ টাকা বৃদ্ধিকরণ এবং এএম ও আরপিএসিগণ এলাকার চেয়ারম্যান ও ইউপি মেম্বার সাথে যোগাযোগ প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

করোনার ব্যাপকতা বৃদ্ধির কারণে সরকার আমাদের কর্ম এলাকার বিভিন্ন জেলা উপজেলা আবার লকডাউনের আওতায় আনা হয়েছে। তাই সে সব এলাকার কার্যক্রম বন্ধ করতে হচ্ছে। এ প্রেক্ষিতে আপনাদের অবগতির জন্য নিম্নলিখিত বিষয়গুলো উপস্থাপন করা হলো:

১. লক ডাউনের পরিপ্রেক্ষিতে ঋণ ও উন্নয়ন কর্মকর্তাদের সদস্যদের সাথে যোগাযোগ বাড়াতে হবে বলে আমরা মনে করছি।
২. সে প্রেক্ষিতে ঋণ ও উন্নয়ন কর্মকর্তার মাসিক মোবাইল বিল ১০০.০০ (একশত) টাকা বাড়িয়ে ৩০০.০০ (তিনশত) করা হলো এবং এটি জুন ২০২০ মাস থেকে কার্যকর হবে এবং এটি বেতনের সাথে সংশ্লিষ্ট কর্মীর ব্যাংক একাউন্টে চলে যাবে।
৩. সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ঋণ ও উন্নয়ন কর্মকর্তা যে সদস্যদের সাথে যোগাযোগ করছেন তা নিশ্চিত করবেন।
৪. এলাকা ব্যবস্থাপক এবং আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারী এলাকার চেয়ারম্যান ও ইউপি সদস্যদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করে চলবেন।
৫. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকর হবে এবং এ বিষয়ে আরও জানার থাকলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করতে অনুরোধ করছি।

এ ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ



সনত কুমার ভৌমিক

অনুলিপি

নির্বাহী পরিচালক

সকল পরিচালক

অফিস কপি